গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

## উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতিঃ- উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
সভার স্থানঃ- উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।
তারিখঃ- ২৩/১১/২০২৩ খ্রিঃ সময়ঃ- বেলা- ৩.০০ ঘটিকা।
সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম,পদবী ও স্বাক্ষর হাজিরা সিটে সংরক্ষিত
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ

| | | |
|---|---|---|
| ০১। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও। | সদস্য | স্বাক্ষরিত |
| ০২। উপজেলা মৎস্য কর্মকর্তা, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫। এনজিও প্রতিনিধি , ওয়ার্ল্ড ভিশন, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৬। কৃষক প্রতিনিধি, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৭। উপজেলা কৃষি অফিসার, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও। | সদস্য সচিব | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয়ঃ-

১। ২০২৩ -২৪ অর্থ বছরে উন্নয়ন সহায়তা (ভর্তুকী) প্রদানের জন্য কৃষি যন্ত্র ক্রয়ে আগ্রহী কৃষকের যন্ত্র ভিত্তিক অগ্রাধিকার তালিকা প্রস্তুতকরণ।

২। বিবিধ।

অদ্যকার সভা উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি এর সভাপতিত্বে শুরু হয়। সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি উপস্থিত সকলকে অবহিত করেন যে, অত্র উপজেলায় সরকারি ভর্তুকী মূল্যে কৃষক/কৃষক গ্রুপ/কৃষি যন্ত্র সেবা প্রদানকারীদের মাঝে কম্বইন হারভেস্টার(ধান,গম ও ভুট্টা), রাইস ট্রান্সপ্লান্টার (ওয়াকিং ও রাইডিং) এবং রিপার ও রিপার বাইন্ডার যন্ত্র সরবরাহের লক্ষে ইতিপূর্বে ব্যাপক প্রচারণা চালানোর পর ১০ জন কৃষক কম্বাইন হারভেস্টার, ১ জন কৃষক রিপার বাইন্ডার ক্রয়ের জন্য উপ সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন করেন। অদ্যকার সভায় উক্ত আবেদনপত্রগুলো যাচাই বাছাই করা হয়। সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি, সদস্য সচিবকে আবেদনপত্রগুলো অফিসে সংরক্ষণ করতে বলেন এবং যন্ত্রপাতি ক্রয়ের অগ্রাধিকার তালিকা উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও ও প্রকল্প পরিচালক, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প ,খামারবাড়ি, ঢাকা-১২১৫ মহোদয় বরাবর প্রেরণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলেন। অদ্যকার সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বিপুল কুমার)
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

## উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতিঃ- উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

সভার স্থানঃ- উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।

তারিখঃ- ১৪/১১/২০২৩ খ্রিঃ, সময়ঃ- বিকাল ৩.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ

| | |
|---|---|
| ০১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও । | স্বাক্ষরিত |
| ০২। উপজেলা মৎস্য কর্মকর্তা, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও । | স্বাক্ষরিত |
| ০৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও । | স্বাক্ষরিত |
| ০৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বালিয়াডাঙ্গী , ঠাকুরগাঁও । | স্বাক্ষরিত |
| ০৫। এনজিও প্রতিনিধি , বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও। | স্বাক্ষরিত |
| ০৬। কৃষক প্রতিনিধি , বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও । | স্বাক্ষরিত |
| ০৭। উপজেলা কৃষি অফিসার , বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও । | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয়ঃ

এজেন্ডা- ১ ঃ ২০২৩-২৪ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে বোরো ধানের (হাইব্রিড) ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে বীজ সহায়তা কর্মসূচি।

২. বিবিধ

অদ্যকার সভা উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি প্রণোদনা ও বাস্তবায়ন কমিটি এর সভাপতিত্বে শুরু হয়। সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি উপস্থিত সকলকে অবহিত করেন যে,উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও মহোদয়ের পত্র নং-১২.১৭.৯৪০০.০৪১.৯৯.০৩৩.২৩.১৮১২ তারিখ ঃ ০২ নভেম্বর ২০২৩ খ্রিঃ. মোতাবেক অত্র উপজেলায় ২০২৩-২৪ অর্থ বছরে রবি মৌসুমে বোরো ধানের হাইব্রিড জাতের বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ সহায়তা কর্মসূচি পাওয়া গেছে । তিনি আরও জানান যে, বোরো হাইব্রিড ধানের প্রতিজন কৃষক ০১(এক) বিঘা জমির জন্য প্রয়োজনীয় ০২ (দুই) কেজি বীজ প্রাপ্য হবেন। প্রাপ্ত বরাদ্দ সমূহ বিগত বছরের বোরো আবাদের জমি ,বোরো আবাদ সম্ভাবনা এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক সংখ্যার আলোকে ইউনিয়নওয়ারী বিভাজনের বিষয়ে সদস্য সচিব প্রস্তাবনা উপস্থাপন করেন।

ইউনিয়নওয়ারী বোরো ধানের হাইব্রিড জাতের বরাদ্দ বিভাজন নিম্নরূপ ঃ

| ক্র. নং | ইউনিয়নের নাম | বোরো হাইব্রিড | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | পাড়িয়া | ৩৬০ | |
| ০২ | চাড়োল | ৩৬০ | |
| ০৩ | ধনতলা | ৩৬০ | |
| ০৪ | বড়পলাশবাড়ী | ৩৬০ | |
| ০৫ | দুওসুও | ৩৬৫ | |
| ০৬ | ভানোর | ৩৬৫ | |
| ০৭ | আমজানখোর | ৩৬৫ | |
| ০৮ | বড়বাড়ী | ৩৬৫ | |
| মোট | | ২৯০০ | |

## শর্তাবলী ঃ

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ ২০০৬ এবং পিপিআর- ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

৩. উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বর্ণিত ফসলের চাষাবাদের উপযুক্ততা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী ইউনিয়ন ভিত্তিক বিভাজন করেছেন। তদানুযায়ী উপসহকারী কৃষি কর্মকর্তা ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের অগ্রাধিকার তালিকা প্রণয়ন করবেন এবং উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত অগ্রাধিকার তালিকা অনুমোদন করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি অনুমোদিত তালিকায় প্রতিস্বাক্ষর করবেন।

৪. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকা ভুক্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য জন্য ২ কেজি বোরো হাইব্রিড বীজ সহায়তা পাবেন । একজন উপকার ভোগী কৃষককে কেবলমাত্র ১ (এক) বিঘা জমির জন্য উপকরণ সহায়তা দেওয়া যাবে।

৫. কর্মসূচির উপকরণ উপজেলা সদর হতে বিতরণ হবে। বিতরণকৃত উপকরণ কৃষক নিজে গ্রহন করবেন, কোন অবস্থায়ই প্রকৃত এবং অনুমোদিত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না ।

৬.সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি অফিসার ও কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন।

৭. মাষ্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহনকারী কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবি ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। কোন কৃষকের কৃষি কার্ড না থাকলে সেক্ষেত্রে মাষ্টাররোলে কৃষকের নাম, ঠিকানা ,মোবাইল নং ,জাতীয় পরিচয় পত্র নং, স্টাম্প সাইজের ছবি সংযুক্তকরণ পূর্বক মাষ্টাররোলে সংরক্ষণ করতে হবে । উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব ,উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটি মাষ্টাররোলে প্রতিস্বাক্ষর করবেন।

৮. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকার ০১ কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সশ্লিষ্ট জেলার

CamScanner

উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকার ১ কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। তাছাড়া এর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে।

বিবিধঃ হাইব্রিড ৫৮০০ কেজি ধান বীজের মধ্যে বিএডিসি ১০০০ কেজি বীজ সরবরাহ করবে। বাকী ৪৮০০ কেজি বীজ ক্রয়ের জন্য উপজেলা কৃষি অফিসারকে আহবায়ক করে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার সমন্বয়ে কমিটি গঠনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

শেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বিপুল কুমার)
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

স্মারক নংঃ- ১০৫৩ (৩২)

তারিখঃ-১৪/১১/২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ
সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-২।
২। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ; বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও ।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও ।
৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও ।
৫। সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও ।
৬। সাধারন সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও ।

অনুলিপিঃ
সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ-

১। জেলাপ্রসাশক, ঠাকুরগাঁও ।
২। উপপরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর, ঠাকুরগাঁও ।
৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও ।
৪। উপজেলা মৎস্য কর্মকর্তা, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও ।
৫। অফিসার ইন চার্জ, বালিয়াডাঙ্গী থানা, ঠাকুরগাঁও ।
৬। উপজেলা পলী উন্নয়ন কর্মকর্তা, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও ।
৭। উপজেলা সমবায় কর্মকর্তা, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও ।
৮-২৫। উপসহকারী কৃষি অফিসার, ইউনিয়ন সদস্য সচিব (সকল )।
২৬। কৃষক প্রতিনিধি, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

১৪/১১/২৩

(মোঃ সাজ্জাদ হোসেন সোহেল)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
email: uaobaliadangithakurgaon@gmail.com